প্রথম আলো

# নারীদের নীতিনির্ধারণী পর্যায়ে আসতে হবে: মালয়েশিয়ার মন্ত্রী

প্রকাশ: ২৪ ফেব্রুয়ারি ২০২২, ২১: ১০




‘কর্মক্ষেত্রে লিঙ্গসমতা এবং করোনার প্রভাব’ শীর্ষক সভায় বক্তব্য দেন মালয়েশিয়ার প্ল্যান্টেশন, ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমোডিটিজ মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিনছবি: সংগৃহীত

মালয়েশিয়ায় শিক্ষায় নারীর অংশগ্রহণ বাড়লেও কর্মক্ষেত্রে তার প্রভাব দেখা যায় না বলে জানিয়েছেন দেশটির প্ল্যান্টেশন, ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমোডিটিজ মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন। তিনি নীতিনির্ধারণী পর্যায়ে নারীর অংশগ্রহণ বাড়ানোর কথা বলেছেন। আজ বৃহস্পতিবার রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের আন্তর্জাতিক বিষয়ক কার্যালয়ের আয়োজনে ‘কর্মক্ষেত্রে লিঙ্গসমতা এবং করোনার প্রভাব’ শীর্ষক সভায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। মালয়েশিয়ার এই মন্ত্রী বলেন, নারীদের সম্ভাবনা আছে। তাঁরা নেতৃত্ব দিতে পারেন। নারীদের নীতিনির্ধারণী পর্যায়ে আসতে হবে। মূলধারায় এসে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা অর্জন করতে হবে। মালয়েশিয়ার বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ৬০ শতাংশ নারী উল্লেখ করে দাতুক বলেন, শিক্ষায় নারীর অংশগ্রহণ বাড়লেও কর্মক্ষেত্রে তাঁদের সে পরিমাণ উপস্থিতি দেখা যায় না। এই অবস্থা পাল্টাতে হবে। তিনি আরও বলেন, মালয়েশিয়ার সম্পদ অনেক থাকলেও তাতে নারী ও পুরুষের অধিকার সমান নয়। নিজের অভিজ্ঞতার কথা জানিয়ে মালয়েশিয়ার মন্ত্রী বলেন, নারীরা কোনো বৈঠকে এলে সেখানে চা বা কফি বানানো তাঁদের কাজ নয়। তাঁরা বৈঠকে স্বতঃস্ফূর্তভাবে অংশ নেবেন এবং নিজের মতামত দেবেন, কথা বলবেন। তাঁদের গতানুগতিক ধারণা থেকে বের করে আনতে হবে।

এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ের মেয়ে শিক্ষার্থীদের উদ্দেশে দাতুক বলেন, পড়াশোনা করে কর্মক্ষেত্রে আসতে হবে। এ ছাড়া তিনি ছেলেদের জেন্ডার সহনশীল হওয়ার পাশাপাশি নিরাপদ কর্মপরিবেশ তৈরিতে সহায়ক ভূমিকা পালন করার আহ্বান জানান। তিনি আরও বলেন, বাংলাদেশ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। একটি দেশ যত এগোয়, সে তত জেন্ডার সহনশীল হয়। করোনায় লিঙ্গসমতা কিছুটা ভিন্ন হলেও নারীর ক্ষমতায়নে বিরূপ প্রভাব পড়েনি বলে উল্লেখ করেন এই মন্ত্রী। সভায় অংশ নিয়ে শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন মুক্তিযুদ্ধে মালয়েশিয়ার ভূমিকার কথা স্মরণ করেন। এ ছাড়া বিনিয়োগ ও বাণিজ্যে মালয়েশিয়া আরও এগিয়ে আসবে বলে আশা প্রকাশ করেন তিনি। নুরুল মজিদ বলেন, বাংলাদেশে সব পর্যায়ে নারীদের অংশগ্রহণ রয়েছে। নারীর ক্ষমতায়নে এবং লিঙ্গবৈষম্য কমাতে সরকারের নানান পদক্ষেপ রয়েছে।

সভায় আরও বক্তব্য দেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম আলাউদ্দিন, সদস্য কে এম মজিবুল হক, ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান কাইয়ূম রেজা চৌধুরী, উপাচার্য কামরুল আহসানসহ প্রমুখ।

https://www.prothomalo.com/bangladesh/%E0%A6%A8%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%80%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A7%80%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A7%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%A3%E0%A7%80-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A7%9F%E0%A7%87-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B9%E0%A6%AC%E0%A7%87-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%B2%E0%A7%9F%E0%A7%87%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%80

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন




ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত কর্মক্ষেত্রে লিঙ্গসমতা এবং করোনার প্রভাব শীর্ষক আলোচনা সভায় শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি, মালয়েশিয়ার প্লানটেশন ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমোডিটিজ মন্ত্রণালয়ের মন্ত্রী এবং ইউএপির আন্তর্জাতিক সদস্য দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী। বিজ্ঞপ্তি

http://www.ebdpratidin.com/arc/next_page/2022-02-26/2

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

# কর্মক্ষেত্রে লিঙ্গসমতা নিশ্চিতে পদক্ষেপ নিয়েছে সরকার: শিল্পমন্ত্রী



*শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন*

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, কর্মক্ষেত্রে লিঙ্গসমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।

বৃহস্পতিবার রাজধানীর ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) মিলনায়তনে 'কর্মক্ষেত্রে লিঙ্গসমতা এবং কভিড-১৯-এর প্রভাব' শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মালয়েশিয়ার প্লান্টেশন ইন্ডাস্ট্রিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন।

ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইউএপি উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে মালয়েশিয়ার হাইকমিশনার হাজনা মোহাম্মাদ হাশিম, ট্রাস্টি বোর্ডের সদস্য কে এম মজিবুল হক, কাইয়ুম রেজা চৌধুরী প্রমুখ।

শিল্পমন্ত্রী বলেন, ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে ছিল মালয়েশিয়া। সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের সরকার বাণিজ্য বাড়াতে কাজ করছে।

প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনার সময়ে লিঙ্গসমতা একটা বিশেষ মোড় নেয়, তবে নারীর ক্ষমতায়নে কোনো বিরূপ প্রভাব পড়েনি। নারীর অধিকার নিশ্চিত করতে মালয়েশিয়া এরই মধ্যে বিশেষ পদক্ষেপ নিয়েছে।

https://samakal.com/bangladesh/article/220298414/%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%99%E0%A7%8D%E0%A6%97%E0%A6%B8%E0%A6%AE%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%AA%E0%A6%A6%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%AA-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87%E0%A6%9B%E0%A7%87-%E0%A6%B8%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B2%E0%A7%8D%E0%A6%AA%E0%A6%AE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%80

NEW AGE
THE OUTSPOKEN DAILY




Industries minister Nurul Majid Mahmud Humayun and Malaysian minister for plantation, industries and commodities Datuk Hajah Zuraida binti Kamaruddin along with University of Asia Pacific trustee board members pose for a photo during a discussion on 'gender equality in the workplace and the impact of Covid-19' on the campus in Dhaka on Thursday. — New Age photo

# *Presentation on gender equality in workplace held at UAP*

**Staff Correspondent**

THE office of international affairs of the University of Asia Pacific organised a special presentation on Gender Equality in the Workplace and the Impact of Covid-19 at the university's auditorium on Thursday.

UAP international advisory council member and Malaysian plantation industries and commodities minister Datuk Hajah Zuraida Binti Kamrauddin was the keynote speaker while industries minister Nurul Majid Mahmud Humayun was present as special guest at the event.

In her speech, Datuk Hajah Zuraida elaborately briefed on ensuring gender equality in the workplace which has taken a turn during the Covid pandemic.

She also highlighted on women empowerment and briefed about her activities with regard to gender equality.

The meeting commenced with the introduction of UAP presented by OIA director Ismat Zarin while the welcome remarks was given by UAP vice-chancellor professor Qumrul Ahsan.

The meeting was also addressed by high commissioner of Malaysia to Bangladesh Haznah Md Hashim, UAP board of trustee chairman Mohammed Alauddin and member KM Mozibul Hoque.

Meanwhile, in honour of the minister visit, crests and awards were handed over to the distinguished guests.

During the meeting, both ministers of Malaysia and Bangladesh along with other delegates thanked and appreciated the initiatives taken by UAP for collaboration in near future. At the end of the programme, UAP BOT former chairman Qayum Reza Chowdhury made the concluding remarks.

https://epaper.newagebd.net/25-02-2022/3

daily sun
TRUE & IMPARTIAL

# Govt working to ensure gender equality in all sectors: Humayun




Industries Minister Nurul Majid Mahmud Humayun, Malaysian Plantation, Industries and Commodities Minister Datuk Majah Zuraida Binti Kamaruddin, along with other high officials are seen at a special presentation on "Gender Equality in the Workplace and the Impact of Covid-19", organised by Office of International Affairs (OIA), at University of Asia Pacific (UAP) in the city on Thursday.

Industries Minister Nurul Majid Mahmud Humayun on Thursday said the government is working to ensure gender equality in all sectors for developing the country.

"We have today listened to an extremely esoteric presentation on gender equality. And it reiterates the importance of gender equity for the progress of a nation. Gender equality is a basic human right and our government realizes that we cannot prosper without achieving equality for all. We are very keen on ensuring gender equality in all sectors," he said, reports BSS. The minister said this while speaking as the special guest at the "Gender Equality in the Workplace and the Impact of Covid-19", organized by Office of International Affairs (OIA), at University of Asia Pacific (UAP) in the city, said a press release. Malaysian Plantation, Industries and Commodities Minister Datuk Majah Zuraida Binti Kamaruddin delivered the key note speech on the occasion.

In his speech, Humayun said for the past 50 years, Malaysia and Bangladesh have had very close bilateral relations. "Malaysia was among the first countries to recognize Bangladesh as an independent and sovereign nation in 1971. In recent years our government has extended this relationship further by promoting bilateral trade growth between our two countries," he added. The minister hoped that the relationship will strengthen further in the future with greater collaboration. He said Bangladesh has attracted many Malaysian investors in the recent past and the government is doing its best to ensure a conducive business environment to encourage more such ventures. "We have been fruitfully established 100 Economic Zones, 74 BSCIC Industrial Parks to inhance local and froeign invertors," he mentioned. He hoped that Malaysia will be pleased to support to fulfil our target to be a developed country by the year of 2041. Datuk Majah Zuraida Binti Kamaruddin said gender

equality took a special turn during the Covid-19 pandemic, but it did not adversely affect women's empowerment.

She sought the cooperation of people from all walks of life to ensure the empowerment of women. She said Malaysia has already taken special steps to ensure women's rights. Former Chairman of the UAP Trustee Board Kyum Reza Chowdhury delivered the welcome speech. Among others, High Commissioner of Malaysia in Dhaka Haznah Md Hasim and UAP Trustee Board Chairman Dr M Alauddin and Member KM Mojibul Haque spoke on the occasion.

https://www.daily-sun.com/printversion/details/607131/Govt-working-to-ensure-gender-equality-in-all-sectors:-Humayun

The Business Post

## Govt working to ensure gender equality in all sectors: Humayun

**Industries Minister Nurul Majid Mahmud Humayun on Thursday said the government is working to ensure gender equality in all sectors for developing the country.**

"We have today listened to an extremely esoteric presentation on gender equality. And it reiterates the importance of gender equity for the progress of a nation. Gender equality is a basic human right and our government realizes that we cannot prosper without achieving equality for all. We are very keen on ensuring gender equality in all sectors," he said.


The minister said this while speaking as the special guest at the "Gender Equality in the Workplace and the Impact of Covid-19", organized by Office of International Affairs (OIA), at University of Asia Pacific (UAP) in the city, said a press release. Malaysian Plantation, Industries and Commodities Minister Datuk Majah Zuraida Binti Kamaruddin delivered the key note speech on the occasion. In his speech, Humayun said for the past 50 years, Malaysia and Bangladesh have had very close bilateral relations. "Malaysia was among the first countries to recognize Bangladesh as an independent and sovereign nation in 1971. In recent years our government has extended this relationship further by promoting bilateral trade growth between our two countries," he added.

The minister hoped that the relationship will strengthen further in the future with greater collaboration. He said Bangladesh has attracted many Malaysian investors in the recent past and the government is doing its best to ensure a conducive business environment to encourage more such ventures. "We have been fruitfully established 100 Economic Zones, 74 BSCIC Industrial Parks to inhance local and froeign invertors," he mentioned. He hoped that Malaysia will be pleased to support to fulfil our target to be a developed country by the year of 2041. Datuk Majah Zuraida Binti Kamaruddin said gender equality took a special turn during the Covid-19 pandemic, but it did not adversely affect women's empowerment. She sought the cooperation of people from all walks of life to ensure the empowerment of women. She said Malaysia has already taken special steps to ensure women›s rights. Former Chairman of the UAP Trustee Board Kyum Reza Chowdhury delivered

the welcome speech. Among others, High Commissioner of Malaysia in Dhaka Haznah Md Hasim and UAP Trustee Board Chairman Dr M Alauddin and Member KM Mojibul Haque spoke on the occasion.

https://businesspostbd.com/governance/govt-working-to-ensure-gender-equality-in-all-sectors-humayun-2022-02-25

# *Govt working to ensure gender equality in all sectors: Humayun*



DHAKA, Feb 24, 2022 (BSS) - Industries Minister Nurul Majid Mahmud Humayun today said the government is working to ensure gender equality in all sectors for developing the country.

"We have today listened to an extremely esoteric presentation on gender equality. And it reiterates the importance of gender equity for the progress of a nation. Gender equality is a basic human right and our government realizes that we cannot prosper without achieving equality for all. We are very keen on ensuring gender equality in all sectors," he said.

The minister said this while speaking as the special guest at the "Gender Equality in the Workplace and the Impact of Covid-19", organized by Office of International Affairs (OIA), at University of Asia Pacific (UAP) in the city, said a press release.

Malaysian Plantation, Industries and Commodities Minister Datuk Majah Zuraida Binti Kamaruddin delivered the key note speech on the occasion.

In his speech, Humayun said for the past 50 years, Malaysia and Bangladesh have had very close bilateral relations. "Malaysia was among the first countries to recognize Bangladesh as an independent and sovereign nation in 1971. In recent years our government has extended this relationship further by promoting bilateral trade growth between our two countries," he added.

The minister hoped that the relationship will strengthen further in the future with greater collaboration.

He said Bangladesh has attracted many Malaysian investors in the recent past and the government is doing its best to ensure a conducive business environment to encourage more such ventures.

"We have been fruitfully established 100 Economic Zones, 74 BSCIC Industrial Parks to inhance local and froeign invertors," he mentioned.

He hoped that Malaysia will be pleased to support to fulfil our target to be a developed country by the year of 2041.

Datuk Majah Zuraida Binti Kamaruddin said gender equality took a special turn during the Covid-19 pandemic, but it did not adversely affect women's empowerment.

She sought the cooperation of people from all walks of life to ensure the empowerment of women. She said Malaysia has already taken special steps to ensure women's rights.

Former Chairman of the UAP Trustee Board Kyum Reza Chowdhury delivered the welcome speech.

Among others, High Commissioner of Malaysia in Dhaka Haznah Md Hasim and UAP Trustee Board Chairman Dr M Alauddin and Member KM Mojibul Haque spoke on the occasion.

https://www.bssnews.net/news/46650

নয়া দিগন্ত



ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের সেমিনার ■ নয়া দিগন্ত

## একাদশে ভর্তিতে চতুর্থ ধাপের আবেদন কাল থেকে

● নিজস্ব প্রতিবেদক

২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর ভর্তিতে চতুর্থ ধাপে আবেদনের সুযোগ দেয়া হয়েছে। আগামীকাল শনিবার থেকে এ অনলাইন আবেদনপ্রক্রিয়া শুরু হয়ে চলবে ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত। ইতোমধ্যে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি (ভারপ্রাপ্ত) অধ্যাপক তপন কুমার সরকারের সই করা এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষদের আবেদনের প্রেক্ষিতে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অনলাইন মাধ্যমে ভর্তিতে চতুর্থ

## ইউএপিতে কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং করোনার প্রভাব শীর্ষক আলোচনা

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) আন্তর্জাতিক বিষয়ক অফিসের আয়োজনে গতকাল বৃহস্পতিবার, বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং করোনার প্রভাব শীর্ষক বিশেষ এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মালয়েশিয়ার প্লানটেশন ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমোডিটিজ বিষয়ক মন্ত্রী এবং ইউএপির ■ ৯ম পৃ: ৭-এর কলামে

## ইউএপিতে কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং করোনার

৩য় পৃষ্ঠার পর

আন্তর্জাতিক পরিষদের সদস্য দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন। এ সময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশের শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি। প্রধান আলোচক দাতুক হাজাহ জুরাইদা বলেন, "করোনাকালীন লিঙ্গ সমতা একটি বিশেষ মোড় নেয় তবে নারীর ক্ষমতায়নে কোনো বিরূপ প্রভাব পড়েনি। এ ছাড়া তিনি নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে সর্বস্তরের মানুষের কাছে সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, নারীর এই অধিকার নিশ্চিত করতে তার দেশ ইতোমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করছে।

অনুষ্ঠানের শুরুতে ইউএপির ওপর এক বিশেষ উপস্থাপনা প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক বিষয়ক অফিসের পরিচালক ইসমাত জেবিন এবং স্বাগত বক্তব্য রাখেন ইউএপির ভিসি অধ্যাপক ড. কামরুল আহসান।

মন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি তাঁর বক্তব্যে বলেন, গত ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপক্ষীয় সম্পর্ক রয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের সরকার দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্য বৃদ্ধির জন্য কাজ করছে। আমরা আশা করি ভবিষ্যতে এই সম্পর্ক আরো উন্নত হবে।

অন্যদের মধ্যে আরো বক্তব্য রাখেন বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার হাজনা মোহাম্মদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন এবং সদস্য কে এম মজিবুল হক। সমাপনী বক্তব্য রাখেন ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী। বিজ্ঞপ্তি।

http://www.enayadiganta.com/index.php?archive=25-02-2022

ভোরের কাগজ Live

# কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিতে পদক্ষেপ নেয়া হয়েছে: শিল্পমন্ত্রী




বৃহস্পতিবার "কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং কোভিড-১৯ এর প্রভাব" শীর্ষক আলোচনা সভায় শিল্পমন্ত্রী ও মালয়েশিয়ার প্ল্যান্টেশন ইন্ড্রাস্ট্রিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী। ছবি: ভোরের কাগজ

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারি) ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত "কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং কোভিড-১৯ এর প্রভাব" শীর্ষক আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতায় তিনি

একথা বলেন। ঢাকার ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের মিলনায়তনের আয়োজিত এ অনুষ্ঠান মূল বক্তা হিসেবে বক্তৃতা করেন মালয়েশিয়ার প্ল্যান্টেশন ইন্ড্রাস্ট্রিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন।

ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার হাজনা মোহাম্মাদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন, সদস্য জনাব কে এম মজিবুল হক, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী প্রমুখ।

প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনাকালীন সময়ে লিঙ্গ সমতা একটা বিশেষ মোড় নেয় তবে নারীর ক্ষমতায়নে কোনো বিরুপ প্রভাব পড়েনি। এছাড়া, তিনি নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে সর্বস্তরের মানুষের কাছে সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, নারীর এই অধিকার নিশ্চিত করতে তার দেশ ইতোমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করছে।

বিশেষ অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি বলেন, গত ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে মালয়েশিয়া ছিল অন্যতম। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের সরকার দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য কাজ করছে। আমরা আশা করি, ভবিষ্যতে এই সম্পর্ক আরও উন্নত হবে। শিল্প মন্ত্রী লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের উদ্যোগসমূহ এবং এক্ষেত্রে অগ্রগতির বিবরণও তুলে ধরেন।

https://www.bhorerkagoj.com/2022/02/24/%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%99%E0%A7%8D%E0%A6%97-%E0%A6%B8%E0%A6%AE%E0%A6%A4%E0%A6%BE/

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

**কর্মক্ষেত্রে লিঙ্গসমতা নিশ্চিতে তৎপর সরকার: শিল্পমন্ত্রী**




শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, কর্মক্ষেত্রে লিঙ্গসমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারি) ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত ‘কর্মক্ষেত্রে লিঙ্গসমতা এবং কোভিড-১৯ এর প্রভাব’ শীর্ষক আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। শিল্পমন্ত্রী বলেন, ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে মালয়েশিয়া ছিল অন্যতম। সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের সরকার দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য কাজ করছে। আশা করি, ভবিষ্যতে এই সম্পর্ক আরও উন্নত হবে।

ঢাকার ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে মূলবক্তা হিসেবে বক্তৃতা করেন মালয়েশিয়ার প্ল্যান্টেশন ইন্ডাস্টিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন। ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা করেন ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার হাজনা মোহাম্মাদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন, সদস্য কে এম মজিবুল হক, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী।

প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনাকালীন সময়ে লিঙ্গসমতা একটা বিশেষ মোড় নেয়। তবে নারীর ক্ষমতায়নে কোনো বিরূপ প্রভাব পড়েনি। নারীর অধিকার নিশ্চিতে মালয়েশিয়া ইতোমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করছে।’

https://www.jagonews24.com/national/news/741781

দৈনিক নিউজ পোর্টাল ও বার্তা সংস্থা
একুশে সংবাদ.কম
www.ekusheysangbad.com

# কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে: শিল্পমন্ত্রী




**শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে।**

বৃহস্পতিবা ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত "কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং কোভিড-১৯ এর প্রভাব" শীর্ষক আলোচনা সভায় বিশেষ অতিথি র বক্তৃতায় তিনি একথা বলেন।

ঢাকার ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের মিলনায়তনের আয়োজিত এ অনুষ্ঠান মূল বক্তা হিসেবে বক্তৃতা করেন মালয়েশিয়ার প্ল্যান্টেশন ইন্ড্রাট্রিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন।

ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার হাজনা মোহাম্মাদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন, সদস্য জনাব কে এম মজিবুল হক, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী প্রমুখ।

প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনাকালীন সময়ে লিঙ্গ সমতা একটা বিশেষ মোড় নেয় তবে নারীর ক্ষমতায়নে কোন বিরুপ প্রভাব পড়েনি। এছাড়া, তিনি নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে সর্বস্তরের মানুষের কাছে সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, নারীর এই অধিকার নিশ্চিত করতে তার দেশে ইতোমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহন করছে।

বিশেষ অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি বলেন, গত ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে মালয়েশিয়া ছিল অন্যতম। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের সরকার দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য কাজ করছে। আমরা আশা করি, ভবিষ্যতে এই সম্পর্ক আরও উন্নত হবে।

শিল্প মন্ত্রী লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের উদ্যোগসমূহ এবং এক্ষেত্রে অগ্রগতির বিবরণও তুলে ধরেন।

https://www.ekusheysangbad.com/national/news/343181

বার্তা বাজার
সময়ের প্রতিধ্বনি

## লিঙ্গ সমতা নিশ্চিতে সরকার পদক্ষেপ নিয়েছে : শিল্পমন্ত্রী

---



রুল মজিদ মাহমুদ হুমায়ুন। ফাইল ছবি

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি বলেছেন, কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। আজ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত “কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং কোভিড-১৯ এর প্রভাব” শীর্ষক আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। ঢাকার ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের মিলনায়তনের আয়োজিত এ অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে বক্তৃতা করেন মালয়েশিয়ার প্ল্যান্টেশন ইন্ড্রাট্রিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন।

ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার হাজনা


মোহাম্মাদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন, সদস্য জনাব কে এম মজিবুল হক, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী প্রমুখ। প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনাকালীন সময়ে লিঙ্গ সমতা একটা বিশেষ মোড় নেয়, তবে নারীর ক্ষমতায়নে কোন বিরুপ প্রভাব পড়েনি। এছাড়া, তিনি নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে সর্বস্তরের মানুষের কাছে সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, নারীর এই অধিকার নিশ্চিত করতে তার দেশে ইতোমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করছে।

বিশেষ অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন এমপি বলেন, গত ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে মালয়েশিয়া ছিল অন্যতম। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের সরকার দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য কাজ করছে। আমরা আশা করি, ভবিষ্যতে এই সম্পর্ক আরও উন্নত হবে। শিল্পমন্ত্রী লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের উদ্যোগসমূহ এবং এক্ষেত্রে অগ্রগতির বিবরণও তুলে ধরেন।

https://bartabazar.com/archives/372351

**‘কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে’**

**কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন।**



বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারি) ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি) আয়োজিত ’কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং কোভিড-১৯ এর প্রভাব’ শীর্ষক আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতায় শিল্পমন্ত্রী একথা বলেন।

এসময় শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের উদ্যোগসমূহ এবং এক্ষেত্রে অগ্রগতির বিবরণ তুলে ধরেন। তিনি বলেন, গত ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে মালয়েশিয়া ছিল অন্যতম। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের সরকার দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির জন্য কাজ করছে। আমরা আশা করি, ভবিষ্যতে এই সম্পর্ক আরও উন্নত হবে।

অনুষ্ঠানের প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনাকালীন লিঙ্গ সমতা একটা বিশেষ মোড় নেয়। তবে এতে নারীর ক্ষমতায়নে কোনো বিরুপ প্রভাব পড়েনি। এছাড়া তিনি নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে সর্বস্তরের মানুষের কাছে সহযোগিতা কামনা করে বলেন, নারীর এই অধিকার নিশ্চিত করতে তার দেশ এরইমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করছে। ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার হাজনা মোহাম্মাদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন, সদস্য কে এম মজিবুল হক, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী প্রমুখ।

https://www.somoynews.tv/news/2022-02-24/%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AE%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%87-%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%99%E0%A7%8D%E0%A6%97-%E0%A6%B8%E0%A6%AE%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B8%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%9F%E0%A7%8B%E0%A6%9C%E0%A6%A8%E0%A7%80%E0%A7%9F-%E0%A6%AA%E0%A6%A6%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%AA-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87%E0%A6%9B%E0%A7%87

www.jonotardarpon.com জনতার দর্পন

## লিঙ্গ সমতা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে সরকার: শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা নিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। বৃহস্পতিবার (২৪ ফেব্রুয়ারি) রাজধানীর ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) মিলনায়তনের আয়োজিত ‘কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা এবং কোভিড-১৯ এর প্রভাব’ শীর্ষক আলোচনা

সভায় তিনি একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মালয়েশিয়ার প্ল্যান্টেশন ইন্ড্রাট্রিজ ও কমোডিটিজ বিষয়ক মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বিনতে কামারউদ্দিন।

ইউএপি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইউএপির উপাচার্য অধ্যাপক ড. কামরুল আহসান, বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাই কমিশনার হাজনা মোহাম্মাদ হাশিম, ইউএপির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. এম আলাউদ্দিন, সদস্য জনাব কে এম মজিবুল হক, ইউএপির ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সদস্য কাইয়ুম রেজা চৌধুরী প্রমুখ।

শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন বলেন, গত ৫০ বছর ধরে মালয়েশিয়া ও বাংলাদেশের মধ্যে অত্যন্ত ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশকে একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া প্রথম দেশগুলোর মধ্যে মালয়েশিয়া ছিল অন্যতম। সাম্প্রতিক বছরগুলোতে আমাদের সরকার দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বাড়ানোর জন্য কাজ করছে। আমরা আশা করি, ভবিষ্যতে এই সম্পর্ক আরও উন্নত হবে। শিল্পমন্ত্রী লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের উদ্যোগসমূহ এবং এক্ষেত্রে অগ্রগতির বিবরণও তিনি তুলে ধরেন। প্রধান আলোচক মালয়েশিয়ার মন্ত্রী দাতুক হাজাহ জুরাইদা বলেন, করোনাকালীন সময়ে লিঙ্গ সমতা একটা বিশেষ মোড় নেয়, তবে নারীর ক্ষমতায়নে কোনো বিরূপ প্রভাব পড়েনি। নারীর এই অধিকার নিশ্চিত করতে মালয়েশিয়া ইতোমধ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করছে।

https://www.jonotardorpon.com/%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%99%E0%A7%8D%E0%A6%97-%E0%A6%B8%E0%A6%AE%E0%A6%A4%E0%A6%BE-%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%9F%E0%A7%8B%E0%A6%9C%E0%A6%A8%E0%A7%80%E0%A7%9F-%E0%A6%AA%E0%A6%A6%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%87%E0%A6%AA-%E0%A6%A8%E0%A6%BF%E0%A7%9F%E0%A7%87%E0%A6%9B%E0%A7%87-%E0%A6%B8%E0%A6%B0%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B2%E0%A7%8D%E0%A6%AA%E0%A6%AE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%80/35213